JAN. 2001

পৃষ্ঠা ... কলাম ... 2

# লাইব্রেরির খোজখব

লিও টলস্টয় বলেছেন, জীবনে বেঁচে থাকতে হলে তিনটি জিনিসের প্রয়োজন। তা হচ্ছে বই, বই এবং বই। বইকে বলা হয় প্রকৃত বন্ধু। বই পড়ার মাধ্যমেই মানুষ পরিণত হয় আলোকিত মানুষরূপে। পাঠকের বই পড়ার চাহিদা মেটাতে গড়ে উঠেছে অনেক লাইব্রেরি। এসব লাইব্রেরিতে গিয়ে যেমন বইপড়া যায় তেমনই বাড়িতেও আনা যায়। আরও অনেক সুযোগ-সুবিধা আছে। এরকম ঢাকার কিছু লাইব্রেরি সম্পর্কে জেনে নেয়া যাক–

**বিশ্বসাহিত্য কেন্দ্র লাইব্রেরি**

বাংলা মটরের শান্ত সবুজ পরিবেশে অবস্থিত বিশ্বসাহিত্য কেন্দ্র। বিভিন্ন ধরনের পুস্তক সমৃদ্ধ এই লাইব্রেরিতে লাগে ৪০০ টাকা জামানত (ফেরতযোগ্য) এবং মাসিক চাঁদা ১০ টাকা। বিকেল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত প্রতিদিন খোলা থাকে। শুক্রবার বন্ধ।

**রামকৃষ্ণ মিশন পাঠাগার**

ব্রাদার্স ইউনিয়ন ক্লাবের বিপরীতে রামকৃষ্ণ মিশন মাঠে লাইব্রেরিটি অবস্থিত। দেশী-বিদেশী বই, ধর্মগ্রন্থসহ বিভিন্ন পত্রপত্রিকা সমৃদ্ধ লাইব্রেরিটি সবার জন্য উন্মুক্ত। নাম ও ঠিকানা এন্ট্রি করে লেখাপড়া করা যায়। রোববার ব্যতীত বিকেল ৪টা থেকে ৭টা পর্যন্ত পাঠাগারটি খোলা থাকে।

**ভারতীয় দূতাবাস লাইব্রেরি**

ধানমন্ডির সাত মসজিদ রোডের ৭৫৪ নম্বর বাড়িতে চতুর্থ তলায় লাইব্রেরিটি অবস্থিত (আবাহনী মাঠের ঠিক উল্টো দিকে)। নাম-ঠিকানা এন্ট্রি করে পড়ালেখা করতে হয়। বাংলা, ইংরেজি সব ধরনের বইসহ ভারতের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পড়ালেখার প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়। শুক্র ও শনিবার বাদে প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত লাইব্রেরিটি সবার জন্য উন্মুক্ত।

**ব্যানসডক লাইব্রেরি**

মিরপুর রোডের সায়েন্স ল্যাবরেটরি মোড়ে এই লাইব্রেরিটি অবস্থিত। এটি বিজ্ঞান বিষয়ক জার্নাল, সাময়িকী, ওয়ার্কশপ ও সেমিনার পেপার এবং রেফারেন্স বই সমৃদ্ধ। সকাল ১০টা থেকে ৬টা পর্যন্ত খোলা থাকে। শুক্র ও শনিবার বন্ধ।

**গ্রামীণ ট্রাস্ট লাইব্রেরি**

মিরপুর ২ নম্বরে গ্রামীণ ব্যাংক ভবনের ৫ তলায় অবস্থিত। পড়ালেখার জন্য সদস্য হতে হয় না। শুক্র ও শনিবার বাদে সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত সবার জন্য উন্মুক্ত। তবে নাম ও ঠিকানা এন্ট্রি করতে হয়। ক্ষুদ্র ঋণ ও দারিদ্র্য দূরীকরণ তথা উন্নয়ন সংক্রান্ত দেশী-বিদেশী বই, জার্নাল, ওয়ার্কশপ, সেমিনার পেপার ও বেশ কিছু জাতীয় দৈনিক এখানে রাখা হয়।

**ইসলামিক ফাউন্ডেশন লাইব্রেরি**

প্রচুর ইসলামী বই ও পত্রপত্রিকা সমৃদ্ধ এই লাইব্রেরি বায়তুল মোকাররম কমপ্লেক্সে অবস্থিত। প্রতিদিন সকাল ১০টা থেকে এশার আজান পর্যন্ত খোলা থাকে। শনিবার সাপ্তাহিক ছুটি।

**আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লাইব্রেরি**

ইসলাম, অর্থনীতি, ব্যাংকিং, কম্পিউটার সায়েন্স, ব্যবসায় প্রশাসন ইত্যাদি বিষয়ের ওপর বাংলা, ইংরেজি, উর্দু ও আরবী ভাষায় রচিত পর্যাপ্ত পরিমাণ পুস্তক সমৃদ্ধ এই লাইব্রেরিটি ৩২, তোপখানা রোডে অবস্থিত। এছাড়াও রয়েছে অডিও ভিজুয়্যাল সেকশনে বিভিন্ন ধরনের ইসলামি সিডি এবং অডিও-ভিডিও ক্যাসেট। সপ্তাহের নির্দিষ্ট দিনে এ সেকশনে ইসলামি ফিল্ম প্রদর্শন করা হয়। প্রতিদিন সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা থাকে।

**ভ্রাম্যমাণ লাইব্রেরি**

ঢাকা মহানগরীর পাঠকদের জন্য বিশ্বসাহিত্য কেন্দ্র ভ্রাম্যমাণ লাইব্রে[...] করেছে। ৬০টি এলাকায় প্রতি স[...] একটি নির্দিষ্ট দিনের নির্দিষ্ট সময়ে উ[...] হয়ে সদস্য পাঠকদের জন্য বই স[...] করে থাকে। এ কাজে পুরাতন ঢাকা[...] দুটি ছোট গাড়ি (ধারণক্ষমতা [...] পুস্তক) এবং নতুন ঢাকার জন্য ব[...] (ধারণক্ষমতা ১৫,০০০ পুস্তক) [...] রয়েছে। গাড়ির গায়ে 'আলোকিত [...] চাই' লেখা থাকে। বইগুলোর মধ্যে [...] জনপ্রিয় উপন্যাস, গল্পের বই, প্রবন্ধে[...] জীবনী বই, দর্শন, বিজ্ঞান, ইতি[...] রাজনীতি, কিশোর গল্প ইত্যাদি। এ[...] পৃথিবীর শ্রেষ্ঠ চলচ্চিত্র, শ্রেষ্ঠ সং[...] ক্যাসেট রয়েছে। আপনি লাইব্রেরির [...] হলে বই ও ক্যাসেট বাড়ি নিয়ে [...] পারবেন। সদস্যকে নিরাপত্তা অর্থ [...] দিতে হয়। নিরাপত্তা অর্থের পরিমাণ [...] ১০০ টাকা, বিশেষ সদস্য ২০০ [...] নিরাপত্তা অর্থ ফেরতযোগ্য। [...] গ্রন্থাগার চাঁদা ১০ টাকা।

**বিআইবিএম লাইব্রেরি**

ব্যাংক ম্যানেজমেন্ট ও এ সম্পর্কিত [...] বিদেশী বই, জার্নাল, সাময়িকী সমৃ[...] লাইব্রেরিটি মিরপুর-২ এ অবস্থিত। শু[...] শনিবার বাদে সকাল ৯টা থেকে রাত [...] পর্যন্ত খোলা থাকে।

**পিআইবি লাইব্রেরি**

সাংবাদিক ও সাংবাদিকতায় আগ্র[...] জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এ লাইব্রে[...] কাকরাইলের কাছে সার্কিট হ[...] অবস্থিত। এতে রয়েছে সব ধরনের পা[...] বিদেশী বই ও ম্যাগাজিন। শুক্র ও শ[...] বাদে প্রতিদিন সকাল ৯টা থেকে বি[...] ৫টা পর্যন্ত খোলা থাকে।

❑ ফারুক আহমেদ শুভ